

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০০০.০৭০.১৮.০০৬.২৪-৭৮৭

তারিখ: ৩০ শ্রাবণ ১৪৩১
১৪ আগস্ট ২০২৪

অফিস আদেশ

যেহেতু সম্প্রতি উদ্ভূত পরিস্থিতির কারণে বিভিন্ন সিটি কর্পোরেশনের অনেক মেয়র খারাবাহিকভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন এবং যোগাযোগ করেও তাদের উপস্থিতি নিশ্চিত করা যাচ্ছে না বলে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনসমূহ সূত্রে জানা যায়;

যেহেতু সিটি কর্পোরেশনের প্যানেল মেয়রগণও কর্মস্থলে খারাবাহিকভাবে অনুপস্থিত রয়েছেন এবং তাদের সাথে যোগাযোগ করেও উপস্থিতি নিশ্চিত করা যাচ্ছে না বলে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন সূত্রে হতে জানা যায়, এবং

যেহেতু এ প্রেক্ষিতে সিটি কর্পোরেশনসমূহের অনেক ধরনের কার্যক্রম স্থবির হয়ে পড়েছে এবং জনসেবা বিঘ্নিত হচ্ছে,

সেহেতু যে সকল সিটি কর্পোরেশনে এরূপ পরিস্থিতি উদ্ভূত হয়েছে, সে সকল সিটি কর্পোরেশনের সব ধরনের জনসেবা অব্যাহত রাখা ও প্রশাসনিক কার্যক্রম চলমান রাখার নিমিত্ত প্রয়োজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তাগণকে পুনরাদেশ না পাওয়া পর্যন্ত সাময়িকভাবে পূর্ণ আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অর্পণ করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ আজ ১৪ আগস্ট ২০২৪ তারিখ হতে কার্যকর হবে।

আবু হেনা মোরশেদ জামান
সচিব
স্থানীয় সরকার বিভাগ

তারিখ: ৩০ শ্রাবণ ১৪৩১
১৪ আগস্ট ২০২৪

নম্বর : ৪৬.০০.০০০০.০০০.০৭০.১৮.০০৬.২৪- ৭৮৭/(১/১২)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, যমুনা, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার,.....(সকল)।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল)।
- ৫। মহাপরিচালক (প্রশাসন), প্রধান উপদেষ্টার কার্যালয়, যমুনা, ঢাকা।
- ৬। উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
- ৭। জেলা প্রশাসক (সংশ্লিষ্ট),.....জেলা।
- ৮। প্রধান উপদেষ্টার বিশেষ সহকারীর একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, যমুনা, ঢাকা (সম্মানিত বিশেষ সহকারীর সদয় অবগতির জন্য)।
- ৯। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্থানীয় সরকার বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা
- ১১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা/হিসাব রক্ষণ কর্মকর্তা,সিটি কর্পোরেশন (সকল)।
- ১২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মোহাম্মদ শামছুল ইসলাম
উপসচিব